

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৪ আষাঢ়, ১৪২৫ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ

এস,আর,ও, নং-২০৪-আইন/২০১৮/৮০৭-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নির্দিষ্ট সেবার ক্ষেত্রে মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তিতে কর ধার্যকরণ বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালায় টেবিলের কলাম (১) এর -

(অ) শিরনামা S০১০ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) এবং (৫) এর পর কলাম (১), (২), (৩), (৪) ও (৫) এ নিম্নরূপ এন্ড্রিসমূহ সংযোজিত হইবে, যথা:-

“S০১২ S১২.১৪ ইন্টারনেট সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত ৫%”;
সংস্থা সমুদয় অর্থের শতকরা তেত্রিশ
দশমিক তিন চার শতাংশ

(আ) শিরনামা S০৯৯ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) এবং (৫) এর পর কলাম (২), (৩), (৪) ও (৫) এ নিম্নরূপ এন্ড্রিসমূহ সংযোজিত হইবে, যথা:-

“S০৯৯.৬০ ক্রেডিট রেটিং সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত ৭%”।
এজেন্সি সমুদয় অর্থের শতকরা ছেচল্লিশ
দশমিক ছয় সাত শতাংশ

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ রেজাউল হাসান)
সদস্য (মুসক নীতি)